

বঙ্গবন্ধুশেখ মুজিবর রহমানের জন্মদিন পালন ও আলোচনা সভা

গত ১৭ ই মার্চ ২০০৫ ছিলো বাঙালী জাতির জনক বঙ্গবন্ধুশেখ মুজিবর রহমান-এর জন্মদিন। এই দিনে, বাংলাদেশের প্রতিটি আনাচে-কানাচে সাধারণ গনমানুষের গভীরতম ভালোবাসায় আপ্ত হয়েছেন হাজার বছরের এই শ্রেষ্ঠ বাঙালী, আমাদের মহান নেতা বঙ্গবন্ধুশেখ মুজিবর রহমান। বাংলাদেশের মতো, সারা বিশ্বে প্রতিটি প্রান্তে প্রবাসী বাঙালীরা পবিত্রতম কৃতজ্ঞতায় ও ভালোবাসায় উদ্যাপন করেছেন এই আনন্দের দিনটি। এরই ধারাবাহিকতায়, গত ২০ শে মার্চ ২০০৫, রবিবার, বঙ্গবন্ধুপরিষদ অস্ট্রেলিয়া, বঙ্গবন্ধুশেখ মুজিবর রহমানের জন্মদিনটিতে তার জীবনের বিভিন্ন দিকের উপর আলোচনা করেন। আলোচনায় উঠে আসে বঙ্গবন্ধুর আদর্শ, দেশপ্রেম, দর্শন, তার রাজনৈতিক চিন্তা-চেতনা। দেশের ও প্রবাসের এই সংকটময় সময়ে আমরা কিভাবে তার প্রদর্শিত পথে ঐক্যবন্ধভাবে বাঙালীজাতিকে এই সিডনীতে এগিয়ে নিয়ে যেতে পারি, তার উপর আলোকপাত করেন সংগঠনের বক্তৃরা।

সিডনীতে ব্যাপকভাবে বঙ্গবন্ধুশেখ মুজিবর রহমানের জন্মদিবস পালনের পরিকল্পনায় হাত দেয়া হয়েছে এবং এব্যাপারে আলোচনা ও চুরান্ত করা হয়।

ডঃ কাইয়ুম পারভেজ
সভাপতি
বঙ্গবন্ধুপরিষদ অস্ট্রেলিয়া

প্রচার সম্পাদক আল নোমান শামীম প্রেরীত